শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৭১.১৯- ৫৭

তারিখঃ ১২ মাঘ ১৪২৬ ব.
২৬ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৯৭৯১/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৯৭৯১/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৯৭৯১/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ৯৭৯১/২০১৯ | জনাব হুসাইন আহমেদ, সুপার, বড়হা জসমতিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা-পূর্বধলা, জেলা- নেত্রকোণা। | সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ০৬ (ছয়) জন। | নেত্রকোণা জেলার পূর্বধলা উপজেলাধীন বড়হা জসমতিয়া দাখিল মাদ্রাসায় অবৈধভাবে নিয়োগপ্রাপ্ত সুপার-কে বাদ দিয়ে প্রতিষ্ঠানের স্বার্থে একজন যোগ্য সুপার নিয়োগদানের জন্য বর্ণিত প্রতিষ্ঠানের সভাপতি বরাবর নির্দেশনা দিয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক ০৩/৭/২০১৯ তারিখে বামাশিবো/ প্রশাসন/২৩৩১৮১১৩২৩৭১/নেত্রকোণা-৭৮ /৩২৮২/৬ সংখ্যক স্মারকে পত্র জারি করা হয়।<br>বামাশিবো'র উক্ত স্মারকের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে জনাব হুসাইন আহমেদ কর্তৃক পিটিশনার হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯৭৯১/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ০২/১২/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে পিটিশনার-কে অবৈধ বলে বাদ দেয়ার নির্দেশনা দিয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ০৩/৭/২০১৯ তারিখে জারীকৃত বামাশিবো/ প্রশাসন/২৩৩১৮১১৩২৩৭১/নেত্রকোণা-৭৮/৩২৮২/৬ সংখ্যক স্মারকের কার্যক্রম কেন বে-আইনী ঘোষণা করা হবে না; সে মর্মে ৩০/১২/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ০৩/৭/২০১৯ তারিখে জারীকৃত বামাশিবো/ প্রশাসন/২৩৩১৮১১৩২৩৭১/নেত্রকোণা-৭৮/৩২৮২/৬ সংখ্যক স্মারকের কার্যক্রম আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) মাস পর্যন্ত স্থিতাবস্থা বজায় রাখার নির্দেশনা দিয়ে প্রতিপক্ষগণকে এক অন্তবর্তীকালীন আদেশ দেয়া হয়েছে।

০৩। উল্লেখ্য যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে জারিকৃত স্মারকের বিরুদ্ধে বর্ণিত রিট মামলার উদ্ভব হয়েছে বিধায় বামাশিবো হতে আলোচ্য রিট মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব দাখিলসহ মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত নির্দেশনা প্রতিপালনক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৯৭৯১/২০১৯ মামালায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ০২/১২/২০১৯ তারিখে প্রদত্ত অন্তবর্তীকালীন আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণক্রমে সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরিভিত্তিতে সরকার পক্ষে মহামান্য হাইকোর্টে জবাব দাখিলক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ১৫/০২/২০২০ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে (প্রমাণকসহ) অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২৬/০১/২০২০
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।